টেক্সটাইল ক্যালকুলেশন-২

সাজেশন

অধ্যায়-১

অতি সংক্ষিপ্তঃ

১/ ওয়াইন্ডিং এর সংজ্ঞা দাও।

২/ টেক্স পদ্ধতিতে একটি ওয়াইন্ডিং মেশিনের ৮ ঘন্টায় উৎপাদন বের করার সূত্রটি লেখ।

৩/ ওয়াইন্ডিং ড্রামের গতি বের করার সূত্র লেখ।

৪/ কয়েকটি ওয়াইন্ডিং প্যাকেজের নাম লেখ।

৫/ প্যাকেজ অনুসারে ওয়াইন্ডিং মেশিনকে কত ভাগে ভাগ করা যায় ও কী কী?

৬/ ওয়াইন্ডিং এর উদ্দেশ্যাবলি লেখ।

ম্যাথঃ

১/ একটি সুপার স্পিড কৌন ওয়াইন্ডিং মেশিনের একটি ড্রামের উৎপাদন প্রতি মিনিটে ১২৯৮ গজ। ২০^{এস} এর ২৩৮৮ পাউন্ড কটন সুতা ৪০টি ড্রাম এ জড়াতে কত সময়ের প্রয়োজন, যদি মেশিনটি ৮০% দক্ষতায় চলে?

২/ একটি হাই-স্পিড কৌন ওয়াইন্ডিং মেশিন দিয়ে ২০^{এস} নম্বরের ৪ পাউন্ড সুতা জড়িয়ে একটি কৌন তৈরি করা হলে কৌনটিতে কত গজ সুতা রয়েছে?

৩/ একটি আধুনিক উচ্চ গতিসম্পন্ন কৌন ওয়াইন্ডিং মেশিনের হিসাবকৃত ওয়াইন্ডিং এর হার ৮০০গজ প্রতি মিনিটে। ৪০^{এস} কাউন্টের কটন সুতার ৩৮৮ পাউন্ড সুতা রিং ববিন হতে ৮ ঘন্টায় জড়াতে কয়টি ড্রামের প্রয়োজন যদি মেশিনের দক্ষতা ৮০% এবং ওয়াইন্ডিং ববিনে ১% সুতা অপচয় হয়?

৪/ একটি অটোকৌনের ওয়াইন্ডিং মেশিনের নিম্নলিখিত বিবরণী থেকে এটির প্রতিটি স্পিন্ডলের ৮ ঘন্টায় উৎপাদন বের করঃ

ড্রামের স্পিড=২৪০০ আরপিএম

ড্রামের ব্যাস = ৩ ইঞ্চি

টানা সুতার কাউন্ট= ৩০^{এস}

দক্ষতা= ৬৮%

৫/ একটি হাই-স্পিড ওয়াইন্ডিং ড্রামের প্রতি মিনিটের উৎপাদন ৬৩০গজ। এরূপ ৫০০টি ড্রামে ৫৪^{এস} নম্বরের ৬০,০০০ পাউন্ড সুতা জড়াতে ৯০% দক্ষতায় কত সময় লাগবে?

CS CamScanner

৬/ ১০টি স্পিন্ডলবিশিষ্ট একটি স্বয়ংক্রিয় উচ্চ গতিসম্পন্ন পার্ন ওয়াইন্ডিং মেশিনের প্রতি মিনিটের উৎপাদন ৪২০গজ। এই মেশিন দিয়ে ১৫^{এস} নম্বরের ১৪০ পাউন্ড সুতা জড়াতে কত সময় লাগবে?

অধ্যায়-২

অতি সংক্ষিপ্তঃ

১/ বিম কাউন্ট কী?

২/ ওয়ার্পিং কাকে বলে?

৩/ ৬০ ইংলিশ কাউন্ট সুতার ১ পাউন্ড এর দৈর্ঘ্য কয় মিটার?

৪/ সেকশনাল ওয়ার্পিং কী?

৫/ বিম কাউন্ট বা টানা সুতার কাউন্ট বের করার সূত্র লিখ।

৬/ টানা প্রকরণের প্রধান প্রকারভেদের নাম লেখ।

৭/ ৬০^{এস} এর অর্থ কী?

ম্যাথঃ

১/ একটি বিমে ১০০০টি সুতা আছে। প্রতিটি সুতার দৈর্ঘ্য ১০,০০০গজ এবং কাউন্ট ৬০^{এস} হলে,সুতার ওজন কত?

২/ একটি সুপার স্পিড বিম ওয়ার্পার দিয়ে ৫২৫টি সুতা নিয়ে ৮৮০গজ/মিনিট হারে একটি আদর্শ টানা প্রস্তুত করা হচ্ছে। যদি সুতার নম্বর ৩০^{এস} ,দক্ষতা ৮৪%, প্রতিটি বিমে সুতার পরিমাণ ৪৪৩৫২গজ হয়,তবে-

(ক)৮ ঘন্টায় কত দৈর্ঘ্যের টানা প্রস্তুত করা যাবে?

(খ)৮ ঘন্টায় কতটি বিম প্রস্তুত হবে?

(গ)৮ ঘন্টায় কত ওজনের সুতা জড়ানো হবে?

(ঘ)প্রতি বিমে সুতার ওজন কত?

৩/ একটি খালি ব্যাক বিমের ওজন ৬২ পাউন্ড।এতে ৪০^{এস} নম্বরের সুতা দিয়ে ১৪০০০গজ টানা প্রস্তুত করায় ওজন দাঁড়াল ২৪২ পাউন্ড। মোট কতটি সুতা দিয়ে টানা প্রস্তুত করা হয়েছিল?

৪/ টানা সুতার কাউন্ট ৫০^{এস} ,টানার দৈর্ঘ্য ১৬০০০গজ এবং টানা সুতার সংখ্যা ২৯৪০টি হলে টানা সুতার ওজন কত হবে?

CS CamScanner

৫/ একটি হাই-স্পিড ওয়ার্পিং মেশিনের টানা সুতাসহ বিমের ওজন ৩৬৯ পাউন্ড, খালি বিমের ওজন ৬৯ পাউন্ড,বিমে টানা সুতার সংখ্যা ৪২০টি এবং সুতার কাউন্ট ২০^{এস} ।বের কর-

(ক)প্রতিটি টানা সুতার দৈর্ঘ্য

(খ)টানা সুতার মোট দৈর্ঘ্য

(গ)প্রতি ১০০০গজের মজুরি ৭পয়সা হলে কত টাকা মজুরি দিতে হবে?

অধ্যায়-৩

অতি সংক্ষিপ্তঃ

১/ টেক-আপ% কাকে বলে?

২/ মাড় প্রকরনের সংজ্ঞা দাও।

৩/ পিক-আপ পারসেন্টেজ বলতে কি বোঝায়

৪/ মাড় প্রকরণ কেন করা হয়?

সংক্ষিপ্তঃ

১/ মাড় প্রকরণের উদ্দেশ্যবলি লেখ।

২/ মাড় দ্রবণের উপাদানগুলো কী কী?

ম্যাথঃ

১/ ২৮০০টি সুতাবিশিষ্ট একটি টানায় ২৫% মাড় প্রয়োগ করা হয়। মাড় দেয়ার পর বীমে টানা সুতার দৈর্ঘ্য ১০৮০গজ।যদি সুতার নম্বর ৪০^{এস} হয়,তবে নির্ণয় করঃ

(ক)টানা সুতায় মাড়ের পরিমাণ কত?

(খ)মাড় দেয়ার পর টানা সুতার ওজন কত হবে?

(গ)মাড় দেয়ার পর টানা সুতার নম্বর কত হবে?

২/ একটি হাই-স্পিড স্লেশার সাইজিং মেশিনের প্রতি ঘন্টার প্রকৃত উৎপাদন ৪০০০গজ এবং প্রতি মিনিটের ক্যালকুলেটেড উৎপাদন ১০০গজ হলে তার দক্ষতা কত?

৩/ মাড়যুক্ত সুতার ওজন ৯০ পাউন্ড এবং মাড়বিহীন সুতার ওজন ৮০পাউন্ড হলে সাইজ পিক-আপ% কত হবে?

৪/ অপচয় ৫০গজ,বৃদ্ধি ১%,সাইজিং মেশিনের প্রকৃত উৎপাদন ১৪০০গজ/ঘন্টা,সুতার দৈর্ঘ্য ১৪০৫০গজ হলে এক সেট বীম সাইজিং করতে কত সময় লাগবে?

CS CamScanner

৫/ একটি ওয়ার্পিং-এ ২৪০০ সুতা আছে,সুতার কাউন্ট ৪৪এস ,মাড় প্রয়োগ হার ১০% এবং মাড়যুক্ত ওয়ার্পের ওজন ১২০ পাউন্ড হলে,

(ক)মাড়যুক্ত সুতার কাউন্ট কত?

(খ)মাড়যুক্ত সুতার মোট হ্যাংক কত?

(গ)মাড়যুক্ত ওয়ার্পের মোট দৈর্ঘ্য কত?

অধ্যায়-৪

অতি সংক্ষিপ্তঃ

১/ ডেন্ট কাকে বলে?

২/ ঝাঁপের নম্বর কাকে বলে?

৩/ ৩/৭২এস স্টকপোর্ট শানা বলতে কী বোঝায়?

৪/ স্টকপোর্ট পদ্ধতিতে শানার নম্বর কীভাবে বের করা হয়?

৫/ মেট্রিক পদ্ধতির শানার নম্বর কাকে বলে?

৬/ রিড স্পেস?

৭/ একটি প্লেইন সেট ঝাঁপ ৬০এস হলে নিটিং কত?

৮/ নিটিং হার কাকে বলে?

৯/ স্টকপোর্ট রীড বলতে কী বুঝায়?

সংক্ষিপ্তঃ

১/ শানার নির্দিষ্ট দৈর্ঘ্যের মধ্যে ডেন্টের সংখ্যার উপর ভিত্তি করে শানার নম্বর কীভাবে বের করা যায় তা ছক আকারে দেখাও।

২/ শানার স্পেসিফিকেশন লিখে তা বুঝিয়ে দাও।

ম্যাথঃ

CamScanner

১/ ৩/৭২এস ব্রাডফোর্ড নম্বরের একটি শানার প্রতি ইঞ্চিতে টানা সুতার সংখ্যা বের কর।

২/ ৮০এস নম্বরের স্টকপোর্ট শানা ব্যবহার করে এবং প্রতিটি শানার ঘরে ৪টি করে সুতা প্রবেশ করিয়ে ৪টি ঝাঁপ দিয়ে প্লেইন কাপড় বুনতে কত নম্বরের ঝাঁপ ব্যবহার করতে হবে?

৩/ ৩/৩৪এস স্টকপোর্ট নম্বরের একটি শানার প্রতি ইঞ্চিতে টানা সুতার সংখ্যা বের কর।

৪/৩/৬৪এস স্টকপোর্ট নম্বরের একটি শানার প্রতি ইঞ্চিতে টানা সুতার সংখ্যা বের কর।

৫/একটি শানার ভিতর দিয়ে ৪টি করে সুতা টেনে ৫৬এস স্টকপোর্ট নম্বরের শানা দিয়ে ৬ ঝাঁপের সাটিন কাপড় তৈরি করতে কত নম্বরের ঝাঁপ দরকার হবে?

৬/ ৩/৮০এস স্টকপোর্ট শানার প্রতি ইঞ্চিতে সুতার সংখ্যা কত?

৭/ শানার নম্বর ৪০এস স্টকপোর্ট, শানার বহর ৫০ইঞ্চি,সুতার নম্বর ২০এস এবং টানার দৈর্ঘ্য ৮০গজ হলে সুতার ওজন কত হবে?

অধ্যায়-৫

অতি সংক্ষিপ্তঃ

১/ টেক-আপ মোশনের সংজ্ঞা দাও।

২/ পিপিয়াই ও লুম কন্সট্যান্ট এর মধ্যকার সম্পর্ক কী?

৩/ PPM এর পূর্ণরূপ লেখ।

৪/ তাঁতের দক্ষতা বলতে কী বুঝায়?

৫/ তাঁতের উৎপাদন বের করার সূত্রটি লেখ।

৬/ তাঁতের ধ্রুবক কাকে বলে?

৭/ পিক স্পেসিং কাকে বলে?

৮/ বিভিন্ন প্রকার টেক-আপ মোশনের নাম লেখ।

৯/ পিক ডেনসিটি কাকে বলে?

১০/পিকস পার ইঞ্চি বলতে কী বুঝায়?

CamScanner

সংক্ষিপ্তঃ

১/ চিত্র এঁকে তাঁতের পিপিএম বের করার সূত্রটি লেখ।

২/পজিটিভ টেক-আপ মেশিনের শ্রেনিবিভাগ লেখ।

ম্যাথঃ

১/ একটি তাঁতের আরপিএম=১৮০,সেভেন হুইলের লুম ধ্রুবক =০.৯৮,চেঞ্জ পিনিয়ন =২৬,দক্ষতা=৭৫% হলে প্রতি শিফটের উৎপাদন মিটারে বের কর।

২/ নিম্নের বিবরণী থেকে একটি তাঁতের প্রকৃত উৎপাদন গজে বের কর-

তাঁতের স্পিড=২০০পিকস/মিনিট

কাপড়ের পিকস/ইঞ্চি=৮০

তাঁতের দক্ষতা=৭৮%

৩/ একটি কাপড়ের পিকস/ইঞ্চি=৫০,তাঁতের দক্ষতা=৭৫%,তাঁতের গতি=২০০ আরপিএম,সুতার ওয়েস্তেজ=৬গজ,টানা সুতার আপটেক=৬% এবং উইভার্স বিমে সুতার দৈর্ঘ্য ১০০০গজ হলে বিম শেষ হতে কত সময় লাগবে?

৪/ ৭২ দাঁতবিশিষ্ট চেঞ্জ হুইল সংযোগ করা হলে নিম্নের ৭ চাকাবিশিষ্ট টেক-আপ মোশনের প্রতি ইঞ্চিতে পিক সংখ্যা কত হবে?

৫/ একটি এয়ার জেট লুমের স্পিড =৭৫০ পিকস/মিনিট,দক্ষতা ৯০%,উক্ত লুম ব্যান্ডেজ ক্লথ উৎপাদন করছে,যার পিকস/মিনিট=২৭।উক্ত লুমের নিম্নলিখিত তথ্য বের করঃ

(ক)প্রকৃত পিকস/মিনিট=?

(খ)৮ঘন্টার ডেলিভারি স্পিড=?

৬/ ১৮০ পিপিএম বিশিষ্ট একটি তাঁত $\frac{৭২X৪৮}{৪০x৬০}$ X৫৬ কোয়ালিটি কাপড় তৈরি করেছে। তাঁতটির একদিনের উৎপাদন বের কর।

৭/ ৫চাকার টেক-আপ মোশনের ডিভিডেন্ড=২১১২,চেঞ্জ হুইল=৪৮ দাঁত হয়, তবে কাপড়ের পিপিআই কত হবে?

৮/ একটি সার্কুলার নিটিং মেশিনের গতি=২৩৫ আরপিএম উক্ত মেশিনের ফিডারের সংখ্যা=২০, স্টিচ ঘনত্ব=২৫০,ওয়েল/সেমি=৫০ হলে,৮০% দক্ষতায় মেশিনটির ৮ ঘন্টার উৎপাদন কত।

৯/ একটি সার্কুলার নিটিং মেশিনের ৮ ঘন্টার উৎপাদন নিম্নবর্ণিত তথ্যাদি হতে বের করেঃ

CS CamScanner

মেশিনের স্পিড=৩২ আরপিএম

ফিডার সংখ্যা=২৪

কোর্স সংখ্যা/ইঞ্চি=১৮

দক্ষতা=৮৫%

১০/ নিম্নের তথ্য হতে একটি সিঙ্গেল জার্সি সার্কুলার নিটিং মেশিনের প্রতি শিফটের উৎপাদন কেজিতে বের করঃ

সিলিন্ডারের স্পিড=৩৫ আরপি.এম

ফিডারের সংখ্যা= ৯৬টি

সিলিন্ডারের ব্যাস= ৩০ইঞ্চি

মেশিনের গেজ= ২৮

মেশিনের দক্ষতা= ৮৫%

কোর্সের ঘনত্ব= ১৮কোর্স/সেমি

ওয়েলসের ঘনত্ব=১৩ওয়েলস/সেমি

কাপড়ের ওজন= ১২৫গ্রাম/বর্গমিটার

অধ্যায়-৬

অতি সংক্ষিপ্তঃ

১/ একটি কাপড়ের স্পেসিফিকেশন লেখ।

২/ ১২০গজ সুতার ওজন ৫০গ্রেইন হলে সুতার কাউন্ট কত?

৩/ সুতার টেপ লেংথ বের করার সূত্রটি লেখ।

৪/ ডেনিয়ার পদ্ধতিতে পড়েন সুতার ওজন বের করার সূত্রটি লেখ।

CamScanner

৫/ টানা সুতার টেপ লেংথ বলতে কী বোঝায়?

৬/ কোনো কাপড়ে প্রতি ৫ইঞ্চিতে ৩০০টি পড়েন থাকলে পড়েন ঘনত্ব কত?

৭/ পড়েন সুতার টেপ লেংথ বের করার সূত্রটি কী?

৮/ সুতার টেপ লেংথ বলতে কী বোঝায়?

৯/ একটি নিটিং মেশিনের স্টিচ ঘনত্ব ১৫ এবং কোর্স/সেমি ৩ হলে এর ওয়েলস/সেমি কত?

সংক্ষিপ্তঃ

১/ একটি কাপড়ের দৈর্ঘ্য ১১০ মিটার টানার সংকোচন ৫% হলে টানা সুতার টেপ লেংথ কত?

২/ বুননের জন্য টানা ও পড়েন সুতার প্রয়োজনীয়তা সংক্ষেপে লেখ।

ম্যাথঃ

উদাহরনঃ২ (পেজঃ৮৫)

উদাহরনঃ৩(পেজঃ৮৬)

উদাহরনঃ৪(পেজঃ৮৭)

উদাহরনঃ৫(পেজঃ৮৭)

উদাহরনঃ৮(পেজঃ৯০)

অধ্যায়ঃ৭

অতি সংক্ষিপ্তঃ

১/ ৫% ডায়িং শেড বলতে কী বুঝায়?

২/ ৫% স্টক সলিউশন কাকে বলে?

CamScanner

৩/ কোনো কাপড়ে ২% শেড থাকলে এটি কোন শ্রেণির অন্তর্ভূক্ত?

৪/ কাপড়ের গাঢ় শেড বলতে কী বুঝায়?

৫/ স্টক সলিউশন কাকে বলে?

৬/ x গ্রাম/লিটার বলতে কী বুঝায়?

৭/ শেড কী?

৮/ x% শেড বলতে কী বুঝায়?

৯/ শেডের প্রকারভেদ লেখ।

১০/ ল্যাব ডাইং পদ্ধতিতে প্রয়োজনীয় ডাই দ্রবণ বের করার সূত্রটি লেখ।

১১/ ল্যাব ডাইং এর ক্ষেত্রে প্রয়োজনীয় রিএজেন্ট বের করার সূত্রটি লেখ।

সংক্ষিপ্তঃ

১/ ১% শেডে ৫০কেজি কাপড় রং করতে কতটুকু রং লাগবে?

২/ শেডের প্রকারভেদ কী কী?

৩/ ১.৫% শেড এবং লিকার রেশিও ১ঃ৮ হলে ডাইটি গ্রাম/লিটারের মান কত?

৪/ রং নির্বাচন ও রেসিপি প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়গুলো কী কী?

৫/ স্টক সলিউশন কেন তৈরি করা হয়?

ম্যাথঃ

১/ ৪গ্রাম ডাই স্টাফ নিয়ে ২% স্টক সলিউশন তৈরি করতে কত সিসি পানি দরকার?

২/ দ্রব্যের ওজন ৫গ্রাম, লিকার রেশিও ১ঃ১০, স্টক সলিউশন ৫% এবং সোদা অ্যাশ

৪ গ্রাম/লিটার হলে কতটুকু সোডা অ্যাশ দ্রবণ লাগবে?

৩/ ১০কেজি কাপড়ে ২০০গ্রাম ডাই স্টাফ আছে। এটির শেড% কত?

৪/ ১৫গ্রাম কাপড়ে ৪% শেড আনার জন্য ২% স্টক সলিউশনের কত সিসি দ্রবণ লাগবে?

৫/ কাপড়ের ওজন ৫গ্রাম, ২% শেড এবং স্টক সলিউশন ১% হলে রং করার জন্য কতটুকু ডাই দ্রবণ লাগবে?

৬/ কাপড়ের ওজন ১টন এবং শেড ২% হলে রং করতে কী পরিমাণ ডাই স্টাফ লাগবে?

৭/ ২গ্রাম ডাই স্টাফ নিয়ে ১% স্টক সলিউশন তৈরি করতে কত সিসি পানি লাগবে?

৮/ ১কেজি কাপড়ে ২৫গ্রাম ডাই স্টাফ হলে এটির শেড% কত?

CS CamScanner

অধ্যায়-৮

অতি সংক্ষিপ্তঃ

১/ কাপড়ের কনজাম্পশন এর সংজ্ঞা দাও?

২/ মার্কিং বা মার্কার প্লানিং পদ্ধতি কাকে বলে?

৩/ কাপড়ের কনজাম্পশন বের করার পদ্ধতিগুলো কী কী?

সংক্ষিপ্তঃ

১/ ১টি ফুলপ্যান্টের কাপড়ের কনজাম্পশন বের করার গানিতিক সূত্রটি লেখ।

২/ ফুলশার্টের কাপড়ের কনজাম্পশন বের করার সূত্রটি লেখ।

৩/ শার্টের কনজাম্পশন ৩০১৬ বর্গইঞ্চি হলে ৪৪ বহরের কতটুকু কাপড় লাগবে?

রচনামূলকঃ

১/ কাপড়ের কনজাম্পশন বের করার পদ্ধতি উদাহরনসহ আলোচনা কর।

ম্যাথঃ

উদাহরনঃ১(পেজঃ১১৩)

উদাহরনঃ২(পেজঃ১১৩)

উদাহরনঃ৩(পেজঃ১১৪)

উদাহরনঃ৪(পেজঃ১১৪)

উদাহরনঃ৫(পেজঃ১১৫)

CamScanner

অধ্যায়-৯

অতি সংক্ষিপ্তঃ

১/ সেলাই সুতার কনজাম্পশন জানার প্রয়োজনীতা কী?

২/ স্টিচ টাইপ ১০১ এর জন্য সুতার কনজাম্পশন বের করার সুত্রটি লেখ।

৩/ স্টিচ টাইপ ৩০১ এর জন্য থ্রেড কনজাম্পশনের সূত্রটি লেখ।

৪/ স্টিচ টাইপ ৫০৪ এর ক্ষেত্রে সুতার কনজাম্পশনের সূত্রটি লেখ।

৫/ সেলাই সুতার কনজাম্পশন কাকে বলে?

৬/ সেলাই সুতার কনজাম্পশন বের করার পদ্ধতিগুলো কী কী?

৭/ স্টিচ টাইপ ৪০১ এর জন্য সুতার কনজাম্পশন সূত্রটি কী?

সংক্ষিপ্তঃ

১/ সুতার কনজাম্পশন ফ্যাক্টরগুলো কী কী?

ম্যাথঃ

উদাহরনঃ১(পেজঃ১২৮)

উদাহরনঃ২(পেজঃ১২৮)

উদাহরনঃ৩(পেজঃ১২৮)

উদাহরনঃ৪(পেজঃ১২৮)

উদাহরনঃ৫(পেজঃ১২৮)

CamScanner

অধ্যায়ঃ১০

অতি সংক্ষিপ্তঃ

১/ প্রত্যক্ষ ব্যয় এর সংজ্ঞা দাও।

২/ প্রত্যক্ষ ব্যয়গুলো কী কী?

৩/ উৎপাদন ব্যয় হিসেব-এর সংজ্ঞা দাও।

৪/ পরোক্ষ ব্যয় এর সংজ্ঞা দাও।

৫/ পোশাকের ব্যয় নির্ধারণী বলতে কী বুঝায়?

৬/ উৎপাদন ব্যয় কী?

সংক্ষিপ্তঃ

১/ প্রসেস কন্ট্রোল বলতে কী বুঝায়?

২/ উৎপাদন ব্যয় হিসাবের গুরুত্ব লেখ।

৩/ পোশাকের ব্যয় নির্ধারণী শিটের প্রয়োজনীতা লেখ।

৪/ একটি টি-শার্টের দৈর্ঘ্য ১০০সেমি , প্রস্থ ৭০সেমি এবং জিএসএম ১৫০ হলে বডিতে কত গ্রাম কাপড় লাগবে?

৫/ ট্রিমিংগুলো কী কী?

৬/ পোশাকের প্যাকিং ম্যাটেরিয়ালগুলো কী কী?

রচনামূলকঃ

১/ উৎপাদন ব্যয়ের উপাদানগুলোর নাম লেখ।

CS CamScanner